



বাংলাদেশ-তুরস্ক কূটনৈতিক বৈঠক সফলভাবে অনুষ্ঠিত



সংগৃহীত ছবি

ঢাকায় অনুষ্ঠিত বাংলাদেশ ও তুরস্কের পররাষ্ট্র সচিব পর্যায়ের বৈঠকে বাণিজ্য, বিনিয়োগ, প্রতিরক্ষা ও স্বাস্থ্য খাতে সহযোগিতা বৃদ্ধির ওপর গুরুত্ব দেওয়া হয়েছে। দ্রুত যৌথ অর্থনৈতিক কমিশনের পরবর্তী বৈঠক আহ্বানের বিষয়েও একমত হয় দুই দেশ।

বাংলাদেশ ও তুরস্কের মধ্যে পররাষ্ট্র সচিব পর্যায়ের বৈঠক অনুষ্ঠিত হয়েছে মঙ্গলবার (৭ অক্টোবর) সকাল সাড়ে ১০টায় রাজধানীর রাষ্ট্রীয় অতিথি ভবন পদ্মায়। বৈঠকে বাংলাদেশের পক্ষে নেতৃত্ব দেন পররাষ্ট্র সচিব আসাদ আলম সিয়াম, আর তুরস্কের পক্ষে উপস্থিত ছিলেন দেশটির উপ পররাষ্ট্রমন্ত্রী এ বেরিস একিনচি।

বৈঠক শেষে এক যৌথ বিবৃতিতে জানানো হয়, বাণিজ্য বহুমুখীকরণ, বিনিয়োগ সম্প্রসারণ, যোগাযোগ বৃদ্ধি এবং যৌথ উদ্যোগ বাস্তবায়নের বিভিন্ন দিক নিয়ে ফলপ্রসূ আলোচনা হয়েছে। উভয় দেশ যত দ্রুত সম্ভব যৌথ অর্থনৈতিক কমিশনের পরবর্তী অধিবেশন আহ্বান করার বিষয়ে একমত হয়।

বাংলাদেশ পক্ষ থেকে তুরস্কের বিনিয়োগকারীদের আরও বেশি করে বাংলাদেশে বিনিয়োগে আগ্রহী হওয়ার আহ্বান জানানো হয়। পাশাপাশি দুই দেশের বিদ্যমান প্রতিরক্ষা ও নিরাপত্তা সহযোগিতার অগ্রগতি পর্যালোচনা করা হয় বৈঠকে।

এ সময় বাংলাদেশের পক্ষ থেকে ‘জুলাই বিপ্লব’-এ আহতদের চিকিৎসা, স্বাস্থ্যখাতে তুরস্কের ধারাবাহিক সহায়তা এবং কক্সবাজারে রোহিঙ্গা শিবিরে তুরস্কের ফিল্ড হাসপাতালের কার্যক্রম অব্যাহত রাখার জন্য আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করা হয়।

বৈঠকে উভয় পক্ষ স্বাস্থ্য খাতে সহযোগিতা আরও সম্প্রসারণের সম্ভাবনা নিয়ে মতবিনিময় করে। পরবর্তীতে তুরস্কের উপ পররাষ্ট্রমন্ত্রী বাংলাদেশের পররাষ্ট্র উপদেষ্টার সঙ্গেও বৈঠক করেন, যেখানে পারস্পরিক স্বার্থে ভবিষ্যৎ সহযোগিতার দিকনির্দেশনা নিয়ে আলোচনা হয়।